যুবসমাজকে মাদক ও জুয়া থেকে দুরে রাখতে ক্রীড়াচর্চার আহ্বান

ঢাকাস্থ মেহেরপুর জেলা সমিতির উদ্যোগে এবং মেহেরপুর এমকেএসপির সহযোগিতায় আয়োজিত স্টার কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৬ এর সফল সমাপ্তি হয়েছে।

ফাইনালে মার্জ গ্রুপ ৮৪ রানের বিশাল ব্যবধানে অ্যাক্টিভকে পরাজিত করে শিরোপা জয় করে।

টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে মার্জ গ্রুপ নির্ধারিত ১২ ওভারে ৩ উইকেট হারিয়ে ১৭৮ রানের পাহাড়সম সংগ্রহ গড়ে তোলে। দলের পক্ষে রাসেল সর্বোচ্চ ৭৩ রান এবং ওয়াহেদ ৪৫ রান করেন। অ্যাক্টিভের হয়ে সেন্টু ২টি ও রনি ১টি উইকেট শিকার করেন।

জয়ের জন্য ১৭৯ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে মার্জ গ্রুপের বোলার লিটনের দুর্দান্ত বোলিংয়ের মুখে শুরু থেকেই চাপে পড়ে অ্যাক্টিভ। নির্ধারিত ১২ ওভারে ৯ উইকেট হারিয়ে দলটি মাত্র ৯৪ রান সংগ্রহ করতে সক্ষম হয়। ফলে মার্জ গ্রুপ ৮৪ রানের বড় ব্যবধানে জয়লাভ করে টুর্নামেন্টের শিরোপা নিজেদের করে নেয়।

আজ রোববার বিকেলে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন ঢাকাস্থ মেহেরপুর জেলা সমিতির সহ-সভাপতি প্রকৌশলী মো. শহীদুল্লাহ এবং মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে প্রকৌশলী মো. শহীদুল্লাহ বলেন, বর্তমানে মাদক ও অনলাইন জুয়ার ভয়াবহ বিস্তার যুবসমাজকে বিপথগামী করছে। খেলাধুলাভিত্তিক এ ধরনের আয়োজন তরুণদের সুস্থ বিনোদন ও ইতিবাচক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, চারদিকে মাদক ও অনলাইন জুয়ার বিস্তার উদ্বেগজনক। যুবসমাজকে এসব

সামাজিক ব্যাধি থেকে দূরে রাখতে নিয়মিত ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন প্রয়োজন। তিনি আগামীতে ক্রিকেটের পাশাপাশি ফুটবল টুর্নামেন্ট আয়োজনেরও আহ্বান জানান।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ঢাকাস্থ মেহেরপুর জেলা সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব হোসেন, টুর্নামেন্টের আয়োজক কমিটির সদস্য সচিব মাহমুদুল হাসান মিলন, নির্বাহী সদস্য জাহিদুল হক, মিজানুর রহমান মঞ্জু, নাজমুস সাদাত বুড়ো, শাহিনুর রহমান রিটন, আব্দুস সালাম, হাসিবুজ্জামান স্বপনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

পরে টুর্নামেন্টের চ্যাম্পিয়ন ও রানারআপ দলের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেওয়া হয়। এছাড়াও ম্যান অব দ্য ম্যাচ, ম্যান অব দ্য টুর্নামেন্ট এবং অংশগ্রহণকারী বিভিন্ন দলের খেলোয়াড়দের মাঝে সম্মাননা ও পুরস্কার বিতরণ করা হয়।

বর্ণাঢ্য আয়োজন ও উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে স্টার কাপ ক্রিকেট টুর্নামেন্টের সফল সমাপ্তি ঘটে।

এর আগে টুর্নামেন্ট উপলক্ষে গত শুক্রবার রাতে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে জার্সি ও ট্রফির মোড়ক উন্মোচন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ঢাকাস্থ মেহেরপুর জেলা সমিতির সভাপতি প্রকৌশলী একরামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য নাজমুল হুদা, সাবেক রাষ্ট্রদূত জাহাঙ্গীর আলম এবং পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

এছাড়াও পাবলিক প্রসিকিউটর নজরুল ইসলাম, এনসিপির জেলা সভাপতি অ্যাডভোকেট শাকিল আহমেদ, জেলা বিএনপির সদস্য আলমগীর খান ছাতু, জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, ঢাকাস্থ মেহেরপুর জেলা সমিতির সদস্য হাফিজুর রহমান, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রকিবুল হাসান রিপন, এমকেএসপির পরিচালক শাহিনুর রহমান রিটন প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সম্প্রতি খুলনায় অনুষ্ঠিত জাতীয় ক্রিকেট টুর্নামেন্টে খুলনা বিভাগের চ্যাম্পিয়ন হওয়া মেহেরপুর জেলা ক্রিকেট দলের

খেলোয়াড়দের সংবর্ধনা প্রদান করা হয়। পরে অতিথিরা টুর্নামেন্টের জার্সি ও ট্রফির আনুষ্ঠানিক মোড়ক উন্মোচন করেন।

মুজিবনগরে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন ও সমাপনী

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় উপজেলা পর্যায়ের প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

প্রথম পর্যায়ে উপজেলার চারটি ইউনিয়নের ইউনিয়নভিত্তিক ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ের দলের খেলা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পর্যায়ের খেলায় চারটি ইউনিয়নের চ্যাম্পিয়ন ও রানারআপসহ মোট ৮টি দল উপজেলা পর্যায়ের গোল্ডকাপ টুর্নামেন্টে অংশগ্রহণ করে।

সোমবার সকাল ১০টায় উপজেলা পর্যায়ের গোল্ডকাপ টুর্নামেন্টের খেলা শুরু হয়। দিনব্যাপী প্রতিযোগিতা শেষে বিকাল ৫টায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার শফিকুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও জেলা বিএনপির সদস্য আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা জামায়াতের আমির মাওলানা খানজাহান আলীসহ বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

উপজেলা পর্যায়ের গোল্ডকাপ টুর্নামেন্টে বালক বিভাগে রশিকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং নাজিরাকোন সরকারি প্রাথমিক বিদ্যালয় রানারআপ হয়।

বালিকা বিভাগে যতারাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় রানারআপ হওয়ার কৃতিত্ব অর্জন করে।

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে আয়োজিত উপজেলা পর্যায়ের প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন, রানারআপ ও ম্যান অব দ্য ম্যাচদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

সোমবার দুপুরে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. খায়রুল ইসলাম।

টুর্নামেন্টের বালক বিভাগে চ্যাম্পিয়ন হয় মেহেরপুর শহীদ ক্যাপ্টেন আশরাফুল হাফিজ খান দৃষ্টিনন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং রানারআপ হয় ঝাউবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়।

বালিকা বিভাগে চ্যাম্পিয়ন হয় শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং রানারআপ হয় হরিরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে কাবাডি ও ভলিবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

ঝিনাইদহে মাদকবিরোধী সচেতনতা তৈরির লক্ষ্যে কাবাডি ও ভলিবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। রোববার দিনব্যাপী বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে জেলা প্রশাসন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে এ টুর্নামেন্টের আয়োজন করা হয়।

রোববার (২৮ ডিসেম্বর) সকালে টুর্নামেন্টের উদ্বোধন করেন ঝিনাইদহের পুলিশ সুপার মোহাম্মদ মাহফুজ আফজাল। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ এবং জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক শেখ মোহাম্মদ হাসেম আলীসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা ও ক্রীড়া সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে শুরু হয় কাবাডি ও ভলিবল প্রতিযোগিতা। এতে ঝিনাইদহ জেলার ছয়টি উপজেলার কাবাডি ও ভলিবল দল অংশগ্রহণ করে। দিনভর চলা খেলায় খেলোয়াড়দের প্রাণবন্ত অংশগ্রহণ ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পারফরম্যান্স দর্শকদের মাঝে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করে। তীব্র উত্তেজনাপূর্ণ এসব খেলা উপভোগ করতে স্টেডিয়ামে ভিড় করেন বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। দুপুরের পর অনুষ্ঠিত হয় ফাইনাল খেলা। কাবাডির ফাইনালে সদর উপজেলা ও হরিণাকুন্ডু উপজেলা মুখোমুখি হয়। জমজমাট ও উত্তেজনাকর ম্যাচে ২৪-১৪ পয়েন্টে হরিণাকুন্ডু উপজেলাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে সদর উপজেলা কাবাডি দল।

অপরদিকে ২৫-১১ পয়েন্টে ভলিবলে সদর উপজেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় হরিণাকুন্ডু উপজেলা। খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের খেলোয়াড়দের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেন অতিথিরা। এ সময় আয়োজকরা ভবিষ্যতেও মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধিতে এ ধরনের ক্রীড়া আয়োজন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন।

মেহেরপুরে উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল

মেহেরপুর জেলা স্টেডিয়ামে বর্ণাঢ্য আয়োজনে সম্পন্ন হয়েছে “উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৫”এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

বুধবার (৫ নভেম্বর) বিকেল ৩টায় উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে অনুষ্ঠিত ফাইনাল খেলায় দর্শকদের উপস্থিতিতে স্টেডিয়াম উৎসবমুখর হয়ে ওঠে।

ফাইনালে আমঝুপি ইউনিয়ন দল মুখোমুখি হয় শ্যামপুর ইউনিয়ন দলের। নির্ধারিত সময়ে গোলশূন্য ড্র হলে ট্রাইব্রেকারে শ্যামপুর ইউনিয়ন বিজয়ী হয়। বিজয়ী দলকে ট্রফি ও ২০ হাজার টাকা এবং রানার্সআপ দলকে ট্রফি ও ১৫ হাজার টাকা পুরস্কার হিসেবে প্রদান করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. মোহাম্মদ আবদুল ছালাম। তিনি বলেন, খেলাধুলা তরুণ সমাজকে শৃঙ্খলাবোধ, অধ্যবসায় ও দলগত চেতনায় উদ্বুদ্ধ করে। খেলাধুলার মাধ্যমেই তরুণরা মাদক ও অপরাধ থেকে দূরে থাকতে পারে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম সভাপতির বক্তব্যে বলেন, উপজেলা প্রশাসনের এই আয়োজনের মূল লক্ষ্য তরুণ প্রজন্মকে সুস্থ বিনোদনের সঙ্গে সম্পৃক্ত করা। আমরা চাই প্রতিটি গ্রামে খেলাধুলার চর্চা আরও বাড়ুক।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা, সহকারী কমিশনার শেখ তহিদুল কবির, সদর থানার তদন্ত ইন্সপেক্টর আমিনুল ইসলামসহ জনপ্রতিনিধি ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

খেলা শেষে অতিথিরা বিজয়ী ও রানার্সআপ দলের হাতে পুরস্কার তুলে দেন।

মুজিবনগরে ৩৬ জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগরে ৩৬ জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার বিকেলে জুলাই যুব উন্নয়ন ক্লাব আয়োজিত টুর্নামেন্টের উদ্বোধন করা হয় মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স মাঠে।

উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আবু শ্যামা ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান।উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিনের সভাপতিত্বে শান্তির প্রতীক কবুতর উড়িয়ে আনুষ্ঠানিকভাবে টুর্নামেন্টের উদ্বোধন ঘোষণা করা হয়।

নকআউট ভিত্তিক এই টুর্নামেন্টে অংশগ্রহণ করেছে ১৬টি দল। উদ্বোধনী খেলায় মুখোমুখি হয় বলিয়ারপুর স্পোর্টিং ক্লাব ও নাজিরাকোনা নবীন ক্লাব। খেলাটি পরিচালনা করেন বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) অনুমোদিত রেফারিরা।

টুর্নামেন্টে বিজয়ীদের জন্য পুরস্কার হিসেবে রয়েছে, ১ম পুরস্কার: ৩ মন ওজনের একটি ষাঁড় গরু, ২য় পুরস্কার: ২.৫ মন ওজনের একটি ষাঁড় গরু এবং ৩য় পুরস্কার: একটি খাসি ছাগল।

হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর উদ্বোধনী ম্যাচে বলিয়ারপুর স্পোর্টিং ক্লাব ১-০ গোলে নাজিরাকোনা নবীন ক্লাবকে পরাজিত করে বিজয় অর্জন করে।

মাদ্রাসার ছাত্রদের নিয়ে ক্রিকেট টুর্নামেন্ট হবে-বিসিবি

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নতুন কমিটি প্রথম দিনেই বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে।

বিসিবির স্কুল ক্রিকেট অনেক আগে থেকে চালু আছে। শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আরও খুদে প্রতিভা তুলে আনতে বিসিবির পরিকল্পনা—মাদ্রাসাশিক্ষার্থীদের জন্য আলাদা ক্রিকেট চালু করা।

গতকাল মঙ্গলবার দুপুরে বিসিবির প্রথম বোর্ড সভায় নবনির্বাচিত পরিচালকদের মধ্য থেকে ২৩টি কমিটির প্রধান বেছে নেওয়া হয়েছে।

গতকাল সন্ধ্যায় স্থানীয় একটি হোটেলে আয়োজিত একটি অনুষ্ঠানে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে স্কুল-কলেজের পাশাপাশি মাদ্রাসাতেও ক্রিকেট ছড়িয়ে দেওয়ার কথা বলেছেন বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল।

তিনি বলেন, ‘মাদ্রাসায় লাখ লাখ ছাত্র আছে, সেখান থেকে যদি কিছু ক্রিকেটার আসে। সেই ব্যবস্থা করছি।’

কোন ফরম্যাটে মাদ্রাসার ছাত্রদের নিয়ে টুর্নামেন্ট হবে সে ধারণাও দেন তিনি।

বিসিবি সভাপতি বলেন, ‘এখনও বিস্তারিত আলোচনা হয়নি। তবে আমরা যেহেতু পরিকল্পনা করেছি, অবশ্যই বাস্তবায়নের চেষ্টা করব। আপাতত ছোট ফরম্যাটে হবে।’

জানা গেছে, ১০ ওভারের ক্রিকেট হতে পারে মাদ্রাসায়। আরও সুনির্দিষ্ট করে বললে, আসর থেকে মাগরিবের সময়টাতে আয়োজনের উদ্দেশ্য এ আসরের।

সূত্র: যুগান্তর

ফৌজদারীপাড়া যুবসংঘ আয়োজিত মরহুম তুষার স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ট্রফি উন্মোচন

মেহেরপুর শহরের ফৌজদারী পাড়া যুব সংঘের আয়োজনে মরহুম তুষার স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাতে শহরের চিজ এন্ড ফিজ রেস্টুরেন্টে এক অনুষ্ঠানের মাধ্যমে ট্রফি উন্মোচন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আকাশ, মুকিম, শোভন, মারুফ, মাহফুজ, নয়ন, হাবিব, সেলিম, মনা, মুন্না, রাকিবুল ইসলাম রিপন, লিটনসহ আরও অনেকে।

আয়োজকরা জানান, আজ শুক্রবার সন্ধ্যা ৭টায় টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। এবারের প্রতিযোগিতায় মোট ছয়টি দল অংশগ্রহণ করবে— বুলু আইজ, ফ্যালকন বয়েজ, রেড সকস, সেভেন স্টার, নাইট টাইগার ও গোল হান্টার।

টুর্নামেন্ট উপলক্ষে খেলোয়াড় ও এলাকাবাসীর মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে।

বারাদীতে তারুণ্যের উৎসব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে বারাদী ইউনিয়নে ওয়ার্ডভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকাল ৫টায় মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে ফাইনাল

ম্যাচটি অনুষ্ঠিত হয়।

ফাইনালে অংশ নেয় ২নং ওয়ার্ড (রাজনগর-যুগিন্দা) ও ৪নং ওয়ার্ড (মোমিনপুর-বারাদী)। খেলায় ২-১ গোলে জয় পেয়ে ২নং ওয়ার্ড চ্যাম্পিয়ন হয়। এ ম্যাচে অসাধারণ পারফরম্যান্সের জন্য তাফসির ‘ম্যান অব দ্য ম্যাচ’ নির্বাচিত হন।

বারাদী ইউনিয়ন পরিষদের আয়োজনে অনুষ্ঠিত এ খেলায় সভাপতিত্ব করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও প্রশাসক, বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রকিবুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম।

এসময় আরও উপস্থিত ছিলেন ইউপি সদস্য কামরুজ্জামান মুকুল, বারাদী ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলু এবং আমেরিকান প্রবাসী ক্রীড়ানুরাগী মাসাদুল ইসলাম।

খেলা শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা চ্যাম্পিয়ন দলের হাতে ট্রফি তুলে দেন এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিরা খেলোয়াড়দের হাতে ক্রেস্ট প্রদান করেন।

আলমডাঙ্গায় শহীদ ওয়াশিম আকরাম ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গা বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামে শহীদ ওয়াশিম আকরাম ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে ফরিদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষে এই ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে বেলগাছি ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক বোরহান উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ। তিনি বলেন, “সুস্থ দেহ ও সুস্থ মন গঠনে খেলাধুলা কিংবা শরীরচর্চার কোনো বিকল্প নেই। তাই যুব সমাজকে মাদকের আগ্রাসন থেকে বের হয়ে খেলার মাঠে আসতে হবে।

আমার বিএনপি দল সবসময় সুস্থ সুন্দর সমাজ গঠনে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।”

অনুষ্ঠানে প্রধান উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোমিন মালিথা। বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ হোসেন, সাধারণ সম্পাদক কামাল হোসেন এবং সাবেক সভাপতি ঝন্টু মালিথা।